

বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬৩, নিউ ইঙ্কটন, ঢাকা

ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ আবদুল মালেক
পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
স্থান : পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ, (কক্ষ নং- ২০৮)
তারিখ : ০২ অক্টোবর, ২০২২
সময় : ১১.৩০ ঘটিকায়।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকারি সেবার গুণগত মান উন্নয়নে সরকার আন্তরিক ভাবে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে সরকারি সেবায় ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী উদ্যোগের প্রয়োগকে প্রতিষ্ঠানিক উৎসাহিত করতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনাকে অন্তর্ভুক্ত করা হয়েছে। ইতোমধ্যে বিয়াম ফাউন্ডেশনের প্রদত্ত বেশকিছু সেবাকে সহজীকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবনের মাধ্যমে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কার্যক্রমের আওতায় আনা হয়েছে। সভাপতি এ প্রতিষ্ঠানের ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উপস্থিত সদস্যদের ইনোভেটিফ আইডিয়া প্রদানের আহ্বান জানান।

০২। উপস্থিত সদস্যদের মধ্য থেকে জনাব মেহেদী হাসান, উপ-পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) বলেন, বিয়ামের গাড়ি ব্যবস্থাপনায় সফটওয়্যার ব্যবস্থাকরণ করা হলে এবং এতে GPS Tracking এর ব্যবস্থা থাকলে গাড়ির তাৎক্ষণিক অবস্থান এবং রুটের অবস্থা সম্পর্কিত রিপোর্ট পাওয়া যাবে। তিনি আরও উল্লেখ করেন বিয়ামের ক্যান্টিন, Store, Inventory এবং Library, Software Management System এর আওতাভুক্ত করা হলে দাপ্তরিক ব্যবস্থাপনা আরও প্রানবন্ত হবে। এছাড়াও জনাব আহসান হাবিব, উপ-পরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ণ ও গবেষণা) বলেন বিয়ামের হাজিরা সিস্টেমকে Cloud Computing Digital Attendance system এর আওতাভুক্ত করা যেতে পারে এতে কর্মকর্তা/কর্মচারীগণ নির্ধারিত সময়ে নিজস্ব Andriod/smart Phone ব্যবহার করে Attendance দিতে পারে। ফলে বর্তমান অবস্থান সম্পর্কিত তথ্য পেয়ে Attendance নিশ্চিত সম্ভব হবে।

০৩। জনাব মোঃ বাছেদুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, সভায় অবহিত করেন বিয়ামের শামসুদ্দীন কম্পিউটার ল্যাবে অফলাইন ইউপিএস এর পরিবর্তে অনলাইন ইউপিএস এর ব্যবস্থা নেয়া যেতে পারে এতে Centrally ম্যানেজ সহজতর হবে। এছাড়াও তিনি বলেন মাল্টিপারপাস হলে ডিজিটাল ব্যানার উপস্থাপনের জন্য ভিডিও ওয়াল ব্যবস্থাকরণ করা যেতে পারে।


০৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

(১) বিয়ামের লাইব্রেরীকে e-Library তে রূপান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।





(২) শামসুদ্দীন কম্পিউটার ল্যাবে Central Online Ups বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আবদুল মালেক
ইনোভেশন অফিসার
ও

পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

বিয়াম ফাউন্ডেশন, ঢাকার ইনোভেশন টিমের ১ম সভা অদ্য ০২/১০/২০২২ তারিখ দুপুর ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবো।
উক্ত সভায় অংশগ্রহণে নিমিত্তে উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ

ক্রঃনং	কর্মকর্তাদের পদবী	ইনোভেশন টিমের সদস্যবৃন্দের পদবী	স্বাক্ষর
০১।	জনাব মোঃ আবদুল মালেক পরিচালক (প্রশাসন) (অতিঃ দ্বাঃ)	ইনোভেশন অফিসার	 ২৪/১০/২০২২
০২।	জনাব মোঃ আবদুল মালেক পরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও পরামর্শ)	সদস্য	 ২৪/১০/২০২২
০৩।	জনাব মেহেদী হাসান উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন)	সদস্য	
০৪।	জনাব মোঃ আহসান হাবিব উপপরিচালক ((প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন)	সদস্য	
০৫।	সহকারী পরিচালক (প্রশাসন)	সদস্য	
০৬।	জনাব মোঃ বাছেদুল ইসলাম সহকারী প্রোগ্রামার	সদস্য-সচিব	



বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬৩, নিউ ইস্কাটন, ঢাকা - ১২১৭



স্মারক নং- ০৫.০৫.০০০০.০০৬.২১.০০৪.২১ -

তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রি:

সভার নোটিশ

বিয়াম ফাউন্ডেশন, ঢাকার ইনোভেশন টিমের ১ম সভা আগামী ০২/১০/২০২২ তারিখ দুপুর ১১.৩০ ঘটিকায় পরিচালক (প্রশাসন) এর দপ্তরে (কক্ষ নং- ২০৮)-এ অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে ইনোভেশন কর্মকর্তাদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ বাহেদুল ইসলাম)

সহকারী প্রোগ্রামার

ও

সদস্য সচিব, ইনোভেশন কমিটি।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ০১। পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও পরামর্শ), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০৪। উপপরিচালক (প্রশিক্ষণ, গবেষণা ও মূল্যায়ন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০৫। সহকারী পরিচালক (প্রশাসন) বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
- ০৭। অফিস কপি।